



জামিনে মুক্ত নোবেলজয়ী নার্গিস, হাসপাতালে ভর্তি



নোবেলজয়ী ইরানি মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদি। ছবি: বিবিসি

শান্তিতে নোবেলজয়ী ইরানি মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদি জামিনে মুক্তি পেয়েছেন। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় কারাগার থেকে তাকে হাসপাতালে নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিবিসি।

রোববার পরিবারের পরিচালিত ফাউন্ডেশন জানায়, অসুস্থতার কারণে সাময়িকভাবে কারাগারের বাইরে থাকার অনুমতি দেওয়া হয়েছে নার্গিসকে। পরে তেহরানের একটি হাসপাতালে ভর্তি করা হয় তাকে। সেখানে তার ব্যক্তিগত চিকিৎসকের তত্ত্বাবধানে চিকিৎসা চলছে।

গত কয়েকদিন ধরেই নার্গিসের স্বাস্থ্যের অবনতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে আসছিলেন পরিবার ও সমর্থকেরা। জানা গেছে, চলতি বছরের শুরুতে কারাগারে থাকা অবস্থায় দুবার হৃদরোগে আক্রান্ত হন তিনি। প্রয়োজনীয় চিকিৎসা না পেলে তার জীবন ঝুঁকিতে পড়তে পারে বলেও আশঙ্কা করা হয়।

প্যারিসে অবস্থানরত তার স্বামী জানিয়েছেন, নার্গিসের শারীরিক অবস্থা এখনো স্থিতিশীল নয়। আইনজীবীর দাবি, কারাগারে থাকার সময় প্রায় ২০ কেজি ওজন কমে গেছে তার এবং কথা বলতেও কষ্ট হচ্ছে।

৫৩ বছর বয়সী নার্গিস গত ডিসেম্বর মাসে ইরানের মশহাদে একটি স্মরণসভায় অংশ নেওয়ার পর গ্রেপ্তার হন। পরে তাকে সাত বছরের বেশি কারাদণ্ড দেওয়া হয়। ইরানে মানবাধিকার ও নারীর অধিকার নিয়ে দীর্ঘদিন সোচ্চার থাকার স্বীকৃতি হিসেবে ২০২৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান তিনি।